# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(৩০) ‘‘মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল’’ একথার সাক্ষ্য দেয়ার শর্ত কি? ‘‘মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল’’- এ কথার সাক্ষ্য দেয়া ব্যতীত কি لاَ إِلَهَ إِلاَّ اللهُ –লা-ইলাহা ইল্লাল্লাহএর সাক্ষ্য গ্রহণযোগ্য হবে?

পূর্বেই বলা হয়েছে, কোন বান্দা لاَ إِلَهَ إِلاَّ اللهُ –লা-ইলাহা ইল্লাল্লাহ এবং (محمد رسول الله) মুহাম্মদ আল্লাহর রাসূল এ দু’টি বিষয়ের সাক্ষ্য দেয়া ব্যতীত কেউ ইসলামে প্রবেশ করতে পারে না। এ দু’টি বিষয়ের একটি অপরটির জন্য আবশ্যক। তাই لاَ إِلَهَ إِلاَّ اللهُ –লা-ইলাহা ইল্লাল্লাহএর সাক্ষ্য দেয়ার জন্য যে শর্তসমূহ আবশ্যক, محمد رسول الله – মুহাম্মাদুর রাসূলুল্লাহএর সাক্ষ্য দেয়ার ক্ষেত্রেও সে শর্তসমূহ আবশ্যক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2048

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন